



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল

গাজীপুর-১৭০৫।

৪ বছর মেয়াদী এলএলবি প্রোগ্রাম ভর্তি বিজ্ঞপ্তি শিক্ষাবর্ষ ২০১৮-২০১৯

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল-এর অধীন ৪ বছর মেয়াদী এলএলবি প্রোগ্রামের ভর্তি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে শিক্ষার্থীদের ক্লাস রবি, সোম, মঙ্গল ও বুধবার অনুষ্ঠিত হবে। তবে কর্মজীবী/চাকুরিজীবী শিক্ষার্থীদের ক্লাস প্রতি শুক্র ও শনিবার অনুষ্ঠিত হবে। প্রতি কোর্সে প্রথম ক্ষেত্রে ৭৫% ক্লাসে উপস্থিত থাকা এবং দ্বিতীয় ক্ষেত্রে ৫০% ক্লাসে উপস্থিত থাকা বাধ্যতামূলক। শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণ করে যে কোন শিক্ষার্থী আবেদন করতে পারবে। আসনের ৫% কোটা মুক্তিযোদ্ধাদের সন্তান, পোষ্য এবং নৃগোষ্ঠীর জন্য সংরক্ষিত থাকবে।

বৈশিষ্ট্যসমূহ

- ৬ চার বছরে মোট ৪০টি কোর্স বা ১২০ ক্রেডিট সম্পন্ন করতে হবে (প্রতি কোর্স= ৩ ক্রেডিট)।
- প্রতি শিক্ষাবর্ষ ছয় মাস মেয়াদী ২টি সিমেন্টারে বিভক্ত। প্রতি সিমেন্টারে কোর্স সংখ্যা- ৫টি। শিক্ষার্থী প্রয়োজনে প্রতি সিমেন্টারে ন্যূনতম ৩টি কোর্সেও রেজিস্ট্রেশন করতে পারবে। প্রতি সিমেন্টার শেষে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- রেজিস্ট্রেশনের মেয়াদ ৮ (আট) বছর পর্যন্ত বহাল থাকবে।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা

- ৪ বছর মেয়াদী এলএলবি পড়তে আগ্রহী আবেদনকারীদের এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় পৃথকভাবে ৫০% নম্বর করে দ্বিতীয় বিভাগ বা জিপিএ ৩.৫০ করে থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে।

➤ শুধুমাত্র Online- এ আবেদন করা যাবে।

- আবেদনের সময় : ০৭ অক্টোবর থেকে ২০ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত।
- লিখিত পরীক্ষা : ০৪ জানুয়ারি ২০১৯ শুক্রবার বিকাল ৩:০০ টা থেকে ৪:০০ টা পর্যন্ত; ভর্তি পরীক্ষার স্থান ০১ জানুয়ারি, ২০১৯ এর পর বাউবি'র ওয়েবসাইট ও ঢাকা আঞ্চলিক কেন্দ্র থেকে জানা যাবে।
- লিখিত পরীক্ষার ফল প্রকাশ : ০৮ জানুয়ারি, ২০১৯, মঙ্গলবার।
- মৌখিক পরীক্ষা : ১৮ ও ১৯ জানুয়ারি, ২০১৯ তারিখ (সকাল: ৯:০০ টায়) স্থান : ঢাকা আঞ্চলিক কেন্দ্র।
- ভর্তি পরীক্ষার ব্যাচভিত্তিক ফল প্রকাশ : ২১ জানুয়ারি, ২০১৯।
- ভর্তি : ২৪ জানুয়ারি থেকে ০৭ ফেব্রুয়ারি, ২০১৯।

ভর্তি পরীক্ষা পদ্ধতি

- বহুনির্বাচনী (MCQ) প্রশ্নের ভিত্তিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার প্রশ্নের মান বন্টন : বাংলা- ২৫, ইংরেজি-২৫, সাধারণ জ্ঞান: বাংলাদেশ বিষয়াবলি-২৫ ও আন্তর্জাতিক বিষয়াবলি-২৫।
- পাস নম্বর : ৪০। প্রতি অংশে ৪০% নম্বর পেতে হবে।

আবেদন প্রক্রিয়া: Online (<http://osaps.bou.edu.bd>)- এ প্রদত্ত তথ্য পূরণ করা শেষে SMS এর মাধ্যমে temporary user ID ও password পাওয়া যাবে। এরপর Payment Option- এ ৪০০/- (চারশত) টাকা ও চার্জ/কমিশন বিকাশ/DBBL/শিওরক্যাশ-এর মাধ্যমে প্রদান করতে হবে। ট্রানজেকশন আইডি ও মোবাইল নম্বর নির্দিষ্ট স্থানে পূরণ করে Submit বাটনে ক্লিক করলে একটি SMS ও e-mail এ "payment successful" Message পাওয়ার মাধ্যমে Online আবেদন সম্পন্ন হবে। Successful SMS পাওয়ার ক্ষেত্রে কোনো রকম সমস্যা হলে, ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে OSAPS (Online service & payment system)-এর Helpline- নম্বরে অবহিত করতে হবে। Temporary User ID ও Password ব্যবহার করে প্রদর্শিত আবেদনপত্রটি প্রিন্ট করে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র ও নম্বরপত্রসমূহ ০৭/১০/২০১৮ থেকে ২০/১২/২০১৮ তারিখের মধ্যে ঢাকা আঞ্চলিক কেন্দ্রের (৪/ক/ গভ. ল্যাবরেটরী স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫) ১০৩ নম্বর কক্ষ/তথ্য কেন্দ্রে জমা দিতে হবে। Online এ ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য (<http://osaps.bou.edu.bd>)-এর Helpline- এ উল্লেখিত ফোন নম্বরে অথবা বাউবি'র ঢাকা আঞ্চলিক কেন্দ্রের ১০৩ নম্বর কক্ষ/তথ্য কেন্দ্রে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ভর্তি পদ্ধতি: : মেধাক্রম অনুযায়ী ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ পরবর্তী নির্দেশ ও নিয়ম অনুযায়ী ভর্তি হবে।

- কোর্স ফি : প্রতি কোর্স ২০০০ (দুই হাজার) টাকা। তবে এলাইভ কোর্স ফি ১০০০/- (এক হাজার) টাকা।
- রেজিস্ট্রেশন ফি : প্রতি সিমেন্টার ১০০০ (এক হাজার) টাকা।

- (ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী এবং শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।)

Helpline: Available Time: 9:00 am to 1:00 pm 01635832845, 01705897988, 01907451614

Available Time: 2:00 pm to 6:00 pm 01635832846, 01907451612, 01705897917

(অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম)

সভাপতি, ভর্তি কমিটি

ও

দিন

সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫।